

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রণালয়/বিভাগের নাম: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
অধিদপ্তর: পরিবার পরিকল্পনা অধিদপ্তর

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার (অধিদপ্তর পর্যায়ের) ডাটাবেজ তথ্য।

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না? না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
১.	পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানে ই-এম আই এস কার্যক্রম (DGFP- eMIS). (স্কেলআপ বাস্তবায়নঃ অক্টোবর ২০১৯)।	ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের সর্বস্তরে তথ্য প্রযুক্তির ব্যবহার ও প্রচলনের যে যুগান্তকারী উদ্যোগ নেয়া হয়েছে, তারই প্রতিফলন হিসাবে পরিবার কল্যাণ খাতেও নতুন নতুন প্রযুক্তি ভিত্তিক সেবা যুক্ত করা হচ্ছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন এমআইএস ইউনিটের আওতায় মাঠপর্যায়ে সেবা প্রদানকারীগণ eMIS সফটওয়্যার এর মাধ্যমে সেবা প্রদানের যাবতীয় তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ করে থাকেন। eMIS সফটওয়্যার এর মাধ্যমে সেবা প্রদানকারীগণ প্রদত্ত ট্যাবে স্বয়ংক্রিয়ভাবে প্রতিবেদন তৈরি করতে পারেন এবং তা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে পারেন। ই-এমআইএস কার্যক্রমের একটি যুগান্তকারী পদক্ষেপ হলো জনসংখ্যা নিবন্ধন। মোট ৫৩০৮৫৭৩৫ মানুষের ব্যক্তিগত ১৬ টি তথ্য রয়েছে। যার মধ্যে নাম, বয়স, লিঙ্গ, ধর্ম, জন্ম নিবন্ধন তথ্যও রয়েছে।	কার্যকর আছে। এ পর্যন্ত ৪৪ টি জেলার ৩২০ টি উপজেলায় এই কার্যক্রম চলমান রয়েছে।	হ্যাঁ পাচ্ছে। eMIS software এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে রিপোর্ট তৈরি ও প্রেরণ করতে পারেন। সংশ্লিষ্ট ম্যানেজার বা উর্ধ্বতন কর্তৃপক্ষ রিপোর্ট যাচাই সাপেক্ষে অনুমোদন করতে পারেন এবং তারা সিদ্ধান্ত নিতে পারেন।	<a href="http://emis.dgfp.gov.bd/">http://emis.dgfp.gov.bd/</a> সিস্টেমে প্রবেশের জন্য ব্যবহারকারীর ইউজার নাম ও পাসওয়ার্ড আবশ্যিক হয়।	অধিদপ্তরের এমআইএস ইউনিট DGFP- eMIS কার্যক্রমটি বাস্তবায়ন করছে।

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না? না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
		<p>eMIS কার্যক্রমের প্রধান ফিচারসমূহ হলোঃ</p> <ul style="list-style-type: none"> <li>- এটি পুরোপুরি স্বয়ংক্রিয় ও স্বয়ংসম্পূর্ণ</li> <li>- অনলাইন/ অফলাইনে কাজ করা যায়</li> <li>- ইউনিক আইডি দ্বারা সংশ্লিষ্ট কর্মীর কাজ ট্রাক করা যায়।</li> <li>- সেবা গ্রহিতার সকল তথ্য সুবিন্যাস্ত ভাবে সংরক্ষিত থাকে।</li> <li>- কমিউনিটি ও ফ্যাসিলিটি পর্যায়ে তথ্য আদান প্রদান হয়।</li> <li>- অটো রিপোর্টিং সিস্টেম, গর্ভবতী মনিটরিং, শেষ মাসিকের তারিখ, সম্ভাব্য ডেলিভারীর তারিখ, গর্ভকালীন সেবার তারিখ, প্রসব পরবর্তী সেবা গ্রহণের তারিখ স্বয়ংক্রিয়ভাবে ট্র্যাকিং করা যায়। সেবাদানকারী/ ম্যানেজারদের নিকট নোটফিকেশন যায়।</li> </ul>				
২.	<p>“সুখি পরিবার” কল সেন্টার (১৬৭৬৭)। সময়: জুন ২০১৮।</p>	<p>সুন্দর কিছু হোক আলাপে ...’ এ শ্লোগানকে সামনে রেখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল সেবা বিশেষ করে- পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা ও কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবার মান উন্নয়নের নিমিত্ত ২১ জুন ২০১৮ তারিখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের “সুখি পরিবার” কল সেন্টারের উদ্বোধনের মধ্যদিয়ে আনুষ্ঠানিক</p>	সেবাটি কার্যকর আছে।	হ্যাঁ, পাচ্ছে। জুলাই-সেপ্টেম্বর’ ২০২৩ সময়ে incoming call- ১১,৯৯৬টি ও outgoing	শর্টকোড নম্বর ১৬৭৬৭-এ কল করে এ তথ্য সেবা পাওয়া যায়।	অধিদপ্তরের আইইএম ইউনিট “সুখি পরিবার” কল সেন্টার (১৬৭৬৭)

*(Handwritten signature)*

*(Handwritten signature)*

*(Handwritten mark)*

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না? না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
		কার্যক্রম শুরু হয়। কল সেন্টারের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা ও কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবা সংক্রান্ত বিভিন্ন তথ্য সেবা প্রদানের ফলে কৈশোরকালীন গর্ভধারণ, বাল্য বিবাহ, প্রাতিষ্ঠানিক প্রসবসেবা, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার বৃদ্ধিসহ নানা সূচকে উন্নতি পরিলক্ষিত হয়।		call -১১৫৯৩টি সহ সর্বমোট ২৩৫৮৯ টি কল হয়েছে।		কার্যক্রমটি বাস্তবায়ন করছে।
৩.	অডিট আপত্তি অবহিত ও নিষ্পত্তিকরণ [Audit Tracking System (ATS)] (বাস্তবায়ন: ২০২১-২০২২)।	পরিবার পরিকল্পনা বিভাগের প্রায় ১৪০০ কন্স্ট সেন্টারের (Cost Centre) নিরীক্ষা পরবর্তী আপত্তি জানা না থাকার ফলে আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়া বিলম্বিত হওয়ায় অডিট আপত্তির অগ্রিম কিংবা খসড়া অনুচ্ছেদে রূপান্তরিত হয়ে পিএ কমিটিতে উপস্থাপিত হয় এবং মন্ত্রণালয়কে জবাবদিহিতার সম্মুখিত হতে হয়। এই সকল জটিলতা নিরসনের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরের Audit Tracking System (ATS) সফটওয়্যার ডেভেলপ করা হয়। উদ্দেশ্যঃ ATS সফটওয়্যারে সকল নিরীক্ষা প্রতিবেদন আপলোড করা হলে অধিদপ্তরাধীন সকল আহরণ-ব্যয়ণ কর্মকর্তাগণ সরাসরি ATS সফটওয়্যার থেকে অডিট আপত্তির প্রতিবেদনের কপি সংগ্রহ করে ব্রডশীট জবাব প্রণয়ন করত: তা ATS সফটওয়্যারে সাবমিট ও করতে পারবেন। অত:পর নিরীক্ষা ইউনিট উক্ত আপত্তির জবাব যাচাই বাছাই করে ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।	কার্যকর আছে। ATS সফটওয়্যার পরবর্তী Updating এবং Data input এর প্রয়োজন।	সকল নিরীক্ষা আপত্তির কপি সফটওয়্যারে input দেয়া হলে সকল ডিডিওগণ প্রত্যাশিত ফলাফল পাবেন।	Audit Tracking System (ATS) সফটওয়্যারটির ওয়েব লিংক <a href="http://ats.dgfp.gov.bd">http://ats.dgfp.gov.bd</a>	অধিদপ্তরের নিরীক্ষা ইউনিট ATS কার্যক্রমটি বাস্তবায়ন করছে।

*(Signature)*

*(Signature)*

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না? না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
৪.	পেনশন সেবা সহজিকরণ দৃষ্টান্ত  তারিখ: জুন' ২০১৭	পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন দ্বিতীয় শ্রেণির সকল কর্মকর্তা এবং অধিদপ্তর পর্যায়ে নিয়োগকৃত সকল কর্মচারীদের পেনশন সেবা কার্যক্রমটির সময়, যাতায়াত সংখ্যা ও ব্যয় হ্রাস করে দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য পেনশন সেবা সহজিকরণ করা হয়েছে। সহজিকরণের ফলে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাদের খাপ সংখ্যা ২৯ হতে ২২ এবং কর্মচারীদের ২৭ হতে ২১ এ নেমে এসেছে। সেবা প্রদানে ব্যয়িত সময় ৪৯দিন হতে ৩৯ দিন এবং কর্মচারীদের ৪৫ দিন হতে ৩৭ দিনে কমে এসেছে। পেনশনের আবেদন প্রাপ্তি ও পেনশন কেইস নিষ্পত্তির পর তা জি.ই.পি ডাকযোগে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কার্যালয়ে প্রেরণ করা হয়ে থাকে বিধায় যাতায়াত সংখ্যা ০৪/০৫ বার এর স্থলে ০ (শূণ্য) এ এবং সংশ্লিষ্ট ব্যক্তির ব্যয় ৫০০০/- হতে ০ (শূণ্য) এর কোঠায় নামিয়ে আনা সম্ভব হয়েছে। উল্লেখ্য, সেবা সহজিকরণ পর্বে উপপরিচালক (পার্সোনেল) পদটি রাখা হয়নি, তবে বর্তমানে পদটিতে কর্মকর্তা পদায়ন করা হয়েছে।	সেবাটি কার্যকর আছে। উল্লেখ্য, চেকলিস্ট অনুযায়ী পেনশনগামীদের কাগজপত্র সময়মত না পাওয়ায় কার্যক্রমটি পুরোপুরি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না।	পেনশন সেবা সহজিকরণ অনুযায়ী সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন এবং পেনশন কার্যক্রমটি আরও দ্রুততার সাথে সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	অনলাইনে নেই।	অধিদপ্তরের প্রশাসন ইউনিটের পেনশন শাখা 'পেনশন সেবা সহজিকরণ' কার্যক্রমটি বাস্তবায়ন করছে।
৫.	পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এসবিসিসি ডকুমেন্টস/তথ্য প্রাপ্তি সহজিকরণ	পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এসবিসিসি ডকুমেন্টস/তথ্য প্রাপ্তি সহজিকরণ সংক্রান্ত ডিজিটাল আর্কাইভ সিস্টেমের মাধ্যমে সকল ইউনিটের সকল অফিসিয়াল ডকুমেন্টস, রিপোর্ট, প্রকাশনা, প্রকল্প, ট্রেনিং সংক্রান্ত যাবতীয় তথ্য, টিউটোরিয়াল এবং টুলস, ফটোগ্যালারী, অডিও, ভিডিও	সেবা/আইডিয়াটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	<a href="http://archive.dgfp.gov.bd/">http://archive.dgfp.gov.bd/</a>	অধিদপ্তরের আইইএম ও এমআইএস ইউনিট ডিজিটাল আর্কাইভ সেবা বাস্তবায়ন করছে।

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না? না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
	সংক্রান্ত 'ডিজিটাল আর্কাইভ সেবা' বাস্তবায়ন। তারিখ: মে ২০২৩।	সম্পর্কে সঠিক ভাবে তথ্য সংরক্ষণ করা হয় যাতে দ্রুততম সময়ে সঠিক তথ্য পুনরুদ্ধার করা যায়। এ সিস্টেমের মাধ্যমে বিভিন্নভাবে তথ্য পুনঃরুদ্ধার করার সুযোগ রয়েছে। তারিখ অনুসারে, ইউনিট অনুসারে, বিষয় অনুসারে, শিরোনাম অনুসারে, কর্তৃপক্ষের নাম অনুসারে তথ্য সহজে খুঁজে পাওয়া যায় যা ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করা হয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ করে ডিজিটাল আর্কাইভ মেনুতে যেয়ে রেজিস্ট্রেশন করে মাত্র ২/৩ মিনিটে ২/৩টি ধাপ অতিক্রম করে তথ্য সেবাটি পাওয়া যাচ্ছে। যার ফলে সময়, শ্রম ও অর্থ ব্যয় হবে না বললেই চলে।				



(নিরঞ্জন বন্ধু দাম)

পরিচালক (এমআইএস) ও ইনোভেশন অফিসার

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

ফোন: ০২-৫৫০১২৩৫২

ই-মেইল: [dirmis@dgfp.gov.bd](mailto:dirmis@dgfp.gov.bd)